ভোরের কাগজ

২৮/১০/২০০১

তারিখ ...

পৃষ্ঠা ১২ কলাম ৩

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগ নেতাদের ঢুকতে দেয়নি শিবির

চ.বি সংবাদদাতা : শিবির ক্যাডাররা গতকাল শনিবার ছাত্রলীগ নেতাদেরকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ঢুকতেই দেয়নি। ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদককে শিবির ক্যাডাররা অকথ্য ভাষায় গালাগালি করে তাড়িয়ে দেয়।

প্রত্যক্ষদর্শীরা জানায়, গতকাল দুপুরে বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সভাপতি জিল্লুর রহমান জুয়েল এবং সাধারণ সম্পাদক নাছির হায়দার বাবুল ক্যাম্পাসে প্রবেশের জন্য বিশ্ববিদ্যালয়ের ১নং গেটে গেলে শিবির ক্যাডাররা তাদেরকে বাধা দেয়। এ সময় উচ্ছৃঙ্খল শিবির ক্যাডাররা তাদেরকে উদ্দেশ্য করে গালি দিতে থাকে। সভাপতি জিল্লুর রহমান জুয়েল জানান, শিবির ক্যাডারদের গালিগালাজ ও বিরাজমান উত্তেজনাকর পরিস্থিতির কারণে তারা ফিরে আসেন।

প্রসঙ্গত, নির্বাচনোত্তর সব কটি আবাসিক হল দখলের পর শিবিরের নানা হুমকির মুখে গতকালই প্রথম ছাত্রলীগ নেতারা ক্যাম্পাসে প্রবেশের চেষ্টা করে। শিবির ক্যাডাররা গতকাল রিয়াদ নামে এক ছাত্রলীগ কর্মীকে মারধরও করেছে।

**সাংবাদিক সমিতির নিন্দা**

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির সভাপতি শাহাব উদ্দিন নীপু ও সাধারণ সম্পাদক মজুমদার নাজিম উদ্দিন এক যুক্ত বিবৃতিতে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে কর্মরত সাংবাদিকের মারধর ও হুমকির তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন। এ সব ঘটনায় জড়িত সন্ত্রাসীদের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় আইন ও রাষ্ট্রীয় আইনে বিচার দাবি করে তারা বলেন, তা না হলে সাংবাদিকরা এসব সংগঠনকে বয়কট করতে বাধ্য হবে।